গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৭.০২৮(অংশ-১).২১-৯৪৮৬ তারিখঃ ১৮-০৭-২০২৩খ্রি

# অফিস আদেশ

বিষয়ঃ **ই-জিপি সিস্টেমের মাধ্যমে পেমেন্ট সার্টিফিকেট ও সমাপ্তি সনদ ইস্যু এবং ইতোপূর্বে ইস্যুকৃত সনদসমূহ ই-জিপিতে রি-ইস্যু ও প্রত্যয়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন ক্রয় সংক্রান্ত সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় দেশব্যাপি ঠিকাদারগণের অভিজ্ঞতার সনদ, চলমান কাজের সনদ, পেমেন্ট সনদ, সামর্থ, কর্মক্ষমতা ইত্যাদি তথ্যাদির আবশ্যকতা দীর্ঘদিন ধরে অনুভূত হয়ে আসছে। দরপত্র মূল্যায়নে বিভিন্ন পাবলিক সেক্টরে দরপত্রদাতাদের অভিজ্ঞতার সনদ, চলমান কাজের সনদ ও পেমেন্ট সনদ এর পুনরাবৃত্তিমূলক Physical Verification এর কারণে মূল্যায়নে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হচ্ছে এবং জনগণকে কাঙ্খিত সেবা প্রদান কার্যক্রম ও দীর্ঘায়িত হচ্ছে।

সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিটের আওতাধীন ডিম্যাপ (DIMAPP) প্রকল্পের আওতায় ইজিপি সিস্টেমে National Tenderer Database (NTDB) নামে একটি মডিউল সংযুক্ত করে উপরোক্ত সেবাসমূহ প্রদানের সুযোগ করে দেয়া হয়েছে। এ উদ্দেশ্য উল্লিখিত প্রকল্পের আওতায় "দোহাটেক নিউমিডিয়া লি." ও "ডিডিসি-ইন্টেলিয়র জেভি" নামক ২টি পরামর্শক প্রতিষ্ঠান ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগে নিয়োগ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, এলজিইডির সকল ক্রয়কারীগণকে একজন ফোকাল পারসন মনোনীত করে পরামর্শক প্রতিষ্ঠানের সহায়তায় নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়নের জন্য বলা হলো। উল্লেখ্য রংপুর, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের ক্রয়কারীগণের কারিগরী সহায়তার প্রয়োজন হলে প্রকিউরমেন্ট ইউনিটে যোগাযোগ করা যেতে পারে।

১. প্রতিটি ক্রয়কারী দপ্তরে বিগত ৫ বছরে বাস্তবায়িত কাজের (অনলাইন ও অফলাইন) তালিকা প্রস্তুত করে এক ফর্দ ইমেইলে নির্বাহী প্রকৌশলী প্রকিউরমেন্ট [xen.procurement@lged.gov.bd] (Excel Format) বরাবরে আগামী ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে;
২. তালিকা অনুযায়ী প্রতিটি নথি সংগ্রহ করে প্রতিটি কাজের বিলওয়ারী পেমেন্ট সনদ এবং চূড়ান্ত সমাপ্তি সনদ ই-জিপি সিস্টেমে রি-ইস্যু করতে হবে। রি-ইস্যুর পূর্বে কোন ভুল আছে কিনা তা ভালভাবে যাচাই করতে হবে। সনদসমূহের কপি অফিসে যত্নসহকারে সংরক্ষণ করতে হবে।
৩. কোন কোন ক্ষেত্রে ঠিকাদারগণ সনদসমূহ প্রত্যয়নের NTDB ডাটাবেইজে অনুরোধ পাঠাচ্ছে। প্রেরিত সনদসমূহ পরীক্ষা-নিরীক্ষা করে সে সমস্ত সনদসমূহের প্রত্যয়ন প্রদান করতে হবে।
৪. ডিসেম্বর ২০২৩ এর মধ্যে বিগত ৫ বছরের সনদসমূহের প্রত্যয়ন আবশ্যকভাবে সমাপ্ত করতে হবে। সনদে ভুল তথ্যাদির জন্য সংশ্লিষ্ট ক্রয়কারী ও ফোকাল পারসন দায়ী থাকবেন।
৫. ভবিষ্যতে সকল বিলপ্রদানের সময় বিলওয়ারী পেমেন্ট সনদ, চলমান কাজের সনদ এবং সমাপ্ত সনদ ই-জিপি সিস্টেমে ইস্যু করতে হবে এবং তার অনুলিপি সংরক্ষন করতে হবে।

উল্লেখ্য, ভবিষ্যতে ই-জিপি সিস্টেমে প্রত্যায়িত সনদ ব্যতিত দরপত্র মূল্যায়নে অন্যকোন সনদ গ্রহণযোগ্য হবে না। বিষয়টি অতীব জরুরী।

১৮.০৭.২০২৩

**(সেখ মোহাম্মদ মহসিন)**
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৫৮১৫২৮০২
ই-মেইল: ce@lged.gov.bd

প্রতি

১. প্রকল্প পরিচালক (সকল)
২. নির্বাহী প্রকৌশলী (সকল জেলা)
৩. উপজেলা প্রকৌশলী (সকল উপজেলা)

**অনুলিপি:**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি (সকল)
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি (সকল)
৩। টীম লিডার, দোহাটেক নিউ মিডিয়া, দোহা হাউজ, ৪৩, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০।
৪। টীম লিডার, ডিডিসি-ইন্টেলিয়র জয়েন্টভেন্চার, DDC Centre, 47, Bir Uttam A.K. Khandaker Road, Dhaka-1212, Bangladesh and Intellier Limited, 29, Kawranbazar (Level 5), Dhaka-1215।

D:\DIMAPP-AF\Letter of DIMAPPP-AF (NTDB)